

‘ক্যাম্পাস টাইপিং মাস্টার ২০১৮’ এর পুরস্কার এবং ‘বেসিক কম্পিউটার ওয়ার্কশপ ২০১৮’ এর সনদ বিতরণী অনুষ্ঠান



১২ নভেম্বর, ২০১৮-সোমবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় আইটি সোসাইটি এর আয়োজনে ‘ক্যাম্পাস টাইপিং মাস্টার ২০১৮’ এর পুরস্কার এবং ‘বেসিক কম্পিউটার ওয়ার্কশপ ২০১৮’ এ অংশগ্রহনকারীদের মাঝে সনদ বিতরণী অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় আইটি সোসাইটির মেন্টর অধ্যাপক ড. উজ্জ্বল কুমার আচার্য এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিভিন্ন অনুষদের ডিনবৃন্দ। এসময় বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষিকা, বাংলাদেশ ছাত্রলীগ জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মোঃ তরিকুল ইসলাম এবং সাধারণ ছাত্র-ছাত্রীবৃন্দ উপস্থিত ছিলেন। ‘ক্যাম্পাস টাইপিং মাস্টার ২০১৮’ এ প্রথম স্থান অধিকার করে ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের শিক্ষার্থী ইজাজ আহমেদ। এছাড়াও বিজয়ী এবং অংশগ্রহনকারী শিক্ষার্থীদের মাঝে পুরস্কার ও সনদ বিতরণ করা হয়।